

আজকের রাশিফল

॥ ৫ মার্চ, সোমবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি আজ মীন রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মীন রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ৫। আপনার উপর প্রভাবকারী গ্রহঃ বৃহস্পতি ও বুধ। আপনার শুভ সংখ্যাঃ ৫, ১৪, ২৩। শুভবারঃ বৃহস্পতি ও বুধ। শুভবর্ণঃ হলুদ, বেগুনী, সবুজ ও হালকা নীল। শুভরত্নঃ পোখরাজ, পান্না ও ওপাল।

প্রকৃতিগতভাবে আপনি মেধাবী ও সৃজনশীল। উদ্ভাবনী ক্ষমতা আছে, আপনার। আপনি অস্থির। পরিবর্তন ও ভ্রমণ পছন্দ করেন। ঝুঁকি নেয়া ও জুয়ার প্রতি আপনার আকর্ষণ আছে। যেকোনো বিষয় সহজে অনুধাবন করতে পারেন। আপনি আপনার চরিত্রের ভালো দিকগুলো বিকশিত করলে অসাধারণ সাফল্যের অধিকারী হবেন।

জন্মগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বঃ জোবেদা খানম, রোজা লুক্লেমবার্গ, ধর্মবেত্তা আব্দুল ওয়াহাব সামান্সা এগার প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেস রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ চাকরিজীবীদের জন্য দিনটি শুভ সম্ভাবনাময়। কর্মক্ষেত্রে পদোন্নতি লাভের সম্ভাবনা রয়েছে। দাম্পত্য ভুল বোঝাবুঝি সৃষ্টি হতে পারে। সন্তানের স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। যাত্রা ও যোগাযোগ শুভ।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ কোনো ব্যক্তির দ্বারা আজ প্রতারিত হবার আশঙ্কা রয়েছে। ব্যবসায়ক্ষেত্রে লোকসানের সম্মুখীন হতে পারেন। দাম্পত্য ভুল বোঝাবুঝির অবসান ঘটতে পারে। পাওনা টাকা আদায়ে তাগাদা দিন। প্রাপ্তি যোগ আছে।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ বিদ্যার্থীদের জন্য দিনটি মিশ্র সম্ভাবনাময়। দাম্পত্য শান্তি বজায় থাকবে। বিক্রয়-বাণিজ্যের লাভযোগ আছে। অবিবাহিতদের বিয়ের যোগ আছে। আর্থিক ভালো যাবে।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ যেকোনো ধরনের উদ্যোগে সফলতা পেতে পারেন। মনোবল বৃদ্ধি পাবে। স্ত্রীর স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। অপ্রত্যাশিত প্রাপ্তিযোগ আছে। নিজের শরীর স্বাস্থ্য মোটামুটি ভালো যাবে বলে আশা করা যায়।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ ব্যবসায়ীদের জন্য দিনটি ভালজনক হয়ে উঠতে পারে। পিতার স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। বেকারদের কর্মসংস্থান প্রচেষ্টা সফলতা পেতে পারে। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ নয়। শরীর মোটামুটি ভালো যাবে।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ চাকরিজীবীদের জন্য দিনটি অনুকূল নয়। কর্মস্থলে অধীনস্থদের সাথে মনমালিন্য সৃষ্টি হতে পারে। পারিবারিক দিক মোটামুটি ভালো যাবে। মানসিক অস্থিরতা দেখা দিতে পারে। আর্থিক দিক ভালো যাবে।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ আজ যে কোনো ধরনের কাজে সাফল্য লাভ করতে পারেন। পুরনো কোনো বন্ধুর সাথে যোগাযোগ হতে পারে। বিক্রয় বাণিজ্যে লাভ যোগ আছে। বাড়ীতে অতিথি সমাগম হতে পারে। ব্যয় বৃদ্ধি পাবে।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ পেটের পীড়া বা লিভার সংক্রান্ত কোনো ব্যধিতে ভুগতে পারেন। বন্ধুদের সাহায্যে লাভবান হতে পারেন। দাম্পত্য অশান্তি হ্রাস পেতে পারে। যেকোনো ধরনের লেনদেনে সতর্কতা অবলম্বন করুন। যাত্রা শুভ।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ কবি, সাহিত্যিক, লেখক ও নৃত্যশিল্পীদের জন্য দিনটি শুভ। প্রতিভা বিকাশের সুযোগ পেতে পারেন। পিতার স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। পারিবারিক দিক খুব একটা ভালো যাবে না। ব্যয় বৃদ্ধি পাবে।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ ব্যবসায়ীদের জন্য দিনটি অনুকূল নয়। বন্ধুর দ্বারা ক্ষতির সম্মুখীন হতে পারেন। দাম্পত্য ভুল বোঝাবুঝি সৃষ্টি হতে পারে। মাতার আরোগ্য লাভের সম্ভাবনা রয়েছে। প্রাপ্তিযোগ আছে।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ আজ শত্রুপক্ষের তৎপরতা বৃদ্ধি পেতে পারে। তথাপি শত্রুপক্ষ খুব একটা ক্ষতি করতে পারবে না। বিদ্যার্থীদের মন সংযোগ রক্ষা করা কঠিন হবে। আর্থিক দিক খুব একটা ভালো যাবে না। ব্যয় হ্রাসের চেষ্টা করুন।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ চাকরিজীবীদের জন্য দিনটি অনুকূল থাকবে। কাজমর্মে উদ্দীপনা ফিরে পাবেন। দাম্পত্য কলহ অনেকটা কমে আসবে। বাড়ীতে অতিথি সমাগম হতে পারে। আপ্যায়ন জনিত কারণে ব্যয় বৃদ্ধি পাবে।

মুহম্মদ আনিসুল হক